

## া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বেলায়াত ও যিকর রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ঙ. কুরআন-হাদীসের আলোকে যিকরের পরিচয় - (৬) কুরআন 'আল্লাহর যিকর' ও 'আল্লাহর নামের যিকর'

কুরআন কারীমের অন্যতম নাম 'যিকর' ও 'আল্লাহর যিকর'। কুরআনই যিকর, কুরআনই ওয়ায, কুরআনই উপদেশ। ইরশাদ করা হয়েছেঃ

ذَٰلِكَ نَتْلُوهُ عَلَيْكَ مِنَ الْآيَاتِ وَالذِّكْرِ الْحَكِيمِ

"ইহা প্রজ্ঞাময় কুরআন ও যিকর যা আমি আপনার উপর তিলাওয়াত করি।"[1]

إِنَّا نَحْنُ نَزَّلْنَا الذِّكْرَ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ

নিশ্চয় আমি যিকর নাযিল করেছি এবং আমিই তাকে রক্ষা করব।[2]

وَأَنزَلْنَا إِلَيْكَ الذِّكْرَ لِتُبَيِّنَ لِلنَّاسِ مَا نُزِّلَ إِلَيْهِمْ

"এবং আমি আপনার প্রতি যিকর নাযিল করেছি যেন আপনি মানবজাতিকে সুস্পষ্টভাবে বর্ণনা করে দেন তাদের উপর যা নাযিল হয়েছে।"[3]

وَهَٰذَا ذَكْرٌ مُّبَارَكٌ أَنزَلْنَاهُ

"এবং ইহা একটি বরকতময় যিকর যা আমি নাযিল করেছি।"[4]

এভাবে আরো অনেক স্থানে কুরআন কারীমকে যিকর ও আল্লাহর যিকর বা উপদেশ ও ওয়ায হিসাবে উল্লেখ করা হয়েছে। অন্যত্র ইরশাদ করা হয়েছেঃ

فَوَيْلٌ لِّلْقَاسِيَةِ قُلُوبُهُم مِّن ذِكْرِ اللَّهِ

"ধ্বংস ও ক্ষতি তাদের জন্য যাদের অন্তর আল্লাহর যিকর থেকে শক্ত হয়ে গিয়েছে।"[5]

এখানেও যিকর বলতে কুরআন বুঝানো হয়েছে। ইমাম তাবারী বলেনঃ আল্লাহর যিকর অর্থ কুরআন, যা আল্লাহ তা'আলা নাযিল করেছেন এবং তার দ্বারা তাঁর বান্দাদেরকে স্মরণ করিয়েছেন ও উপদেশ প্রদান করেছেন।'[6]

কুরআন কারীমের একাধিক স্থানে মসজিদগুলিকে 'আল্লাহর নামের যিকরের স্থান বলে উল্লেখ করা হয়েছে। যেমন,



## ইরশাদ করা হয়েছেঃ

## فِي بُيُوتٍ أَذِنَ اللَّهُ أَن تُرْفَعَ وَيُذْكَرَ فِيهَا اسْمُهُ

"সেই গৃহসমূহে (মসজিদসমূহে) যেগুলিকে উচ্চ করার ও যেগুলির মধ্যে আল্লাহর নামের যিকর করার অনুমতি (নির্দেশ) আল্লাহ প্রদান

<u>করেছেন...।"[7]</u>

এর তাফসীরে ইবনু আব্বাস (রাঃ) বলেনঃ "আল্লাহর নামের যিকর করা হয় অর্থ আল্লাহর কিতাব তিলাওয়াত করা হয়।"[8]

## ফুটনোট

- [1] সূরা আলে ইমরানঃ ৫৮।
- [2] সুরা হিজরঃ **৯**।
- [3] সূরা নাহলঃ 88 ı
- [4] সূরা আম্বিয়াঃ ৫০।
- [5] সূরা যুমারঃ ২২।
- [6] তাবারী, তাফসীর ২৩/২০৯।
- [7] সূরা নূরঃ ৩৬। দেখুন সূরা বাকারাঃ ১১৪, সূরা হাজ্জঃ ৪০।
- [8] তাফসীরু ইবনি কাসীর ৩/২৯৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8731

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন